

প্রেস রিলিজ

২৭ মে ২০২৫

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে “দল পরিচালনা ও বিরোধ নিষ্পত্তির কার্যকারিতা” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেক্টরে সৌহার্দপূর্ণ কর্মপরিবেশ তৈরি এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষে ইতোমধ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন। এরই ধারাবাহিকতায় বাউবির ইনস্টিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল আয়োজিত “দল পরিচালনা ও বিরোধ নিষ্পত্তির কার্যকারিতা” বিষয়ক দিনব্যাপী এক কর্মশালা আজ ২৭ মে ২০২৫ তারিখ মঙ্গলবার সকাল ৯:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর প্রধান ক্যাম্পাসে শিক্ষক সেমিনার হলে অনুষ্ঠিত হয়। বাউবির বিভিন্ন বিভাগ ও দপ্তরের যুগ্ম-পরিচালক/সমপর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত এ কর্মশালা-এর সার্বিক তত্ত্বাবধান করেন, বাউবির প্রো- উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ইনস্টিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। তিনি বলেন, “দল পরিচালনায় দক্ষতা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তনের মাধ্যমে আমরা একটি কার্যকর ও সমন্বিত কর্মপরিবেশ গড়ে তুলতে পারি। বিরোধ নিষ্পত্তির দক্ষতা শুধু অফিস নয়, সামগ্রিক জীবনে গঠনমূলক ভূমিকা রাখতে পারে। এছাড়াও আন্তঃব্যক্তিক যোগাযোগ ও দ্বন্দ্ব সৃষ্টি হলে এবং তা উত্তরণের বিভিন্ন উপায় বা কৌশল সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন”। আইকিউএসি-এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান “সভার বিষয়বস্তু ও উদ্দেশ্য আগে জানানো, প্রত্যাশা স্পষ্ট এবং নিশ্চিত করা, সমাধান-কেন্দ্রিক আলোচনা সহজতর করা, মূল দলের সদস্যদের জড়িত করা, দলকে পরিকল্পনায় নিযুক্ত করা, স্পষ্ট প্রোটোকল এবং এর ভূমিকা, কর্মশালায় দলগত নেতৃত্ব এবং ব্যাবস্থাপনা নিয়ে আলোচনা করেন”।

অংশগ্রহণকারীরা বিভিন্ন দল গঠন করে বাস্তব উদাহরণের মাধ্যমে সমস্যা সমাধানের কৌশল নিয়ে অনুশীলন করেন।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ মামুনুর রশিদ কর্মশালায় উপস্থিত ছিলেন। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তরের ৪৩ জন যুগ্ম-পরিচালক/সমপর্যায়ের কর্মকর্তা অংশগ্রহণ করেন।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮